بِسْــــــمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْـــــمِ

প্রেরকঃ অধ্যক্ষ/সম্পাদক


# ভেটী সিদ্দিকীয়া ফাযিল (স্নাতক) মাদ্‌রাসা
# BHETY SIDDIQUIA FAZIL (B.A) MADRASAH
স্থাপিত ঃ ১৯৮৪ ইং
ডাকঘরঃ আবাদপুকুরহাট, উপজেলাঃ রাণীনগর, জেলাঃ নওগাঁ।
মাদ্‌রাসা কোড- ১৩৩৭৬, EIIN: 123734, E-mail: m123734r@gmail.com


স্মারক নং বি/এম/এফ/রানী/৫৬/২০ তাং ঃ ০৫/০৮/২০২০ মোবা ঃ সভাপতি: ০১৭৫৩৮-৬৫৫৫২ অধ্যক্ষ: ০১৭২০৪৬৫৮৫৭

বরাবর,
মহা পরিচালক,
মাদ্‌রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ।

# অগ্রায়ণপত্র ও জি.ও.

বিষয়ঃ অত্র মাদ্রাসায় সৃষ্ট পদে NTRCA কর্তৃক সুপারিশকৃত ও নবনিযুক্ত মোঃ শাফিউল আলম সহকারী শিক্ষক (কম্পিউটার) এর এমপিও ভুক্তির জন্য আবেদন।

মহোদয়,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক সবিনয় নিবেদন এই যে, নওগাঁ জেলার রাণীনগর উপজেলাধীন ভেটী সিদ্দিকীয়া ফাজিল (স্নাতক) মাদ্রাসায় শিক্ষা মন্ত্রাণালয়ের গত ২৮/০৪/২০১৬ ইং তারিখের নং ৩৭.০০.০০০০.০৭২.০৬.০০৩২.১২.৯৮৬ সংখ্যক স্মারকপত্র মোতাবেক গত ০১/০১/২০১৬ তারিখ হতে অত্র মাদ্রাসায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয় খোলার জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড অনুমতি প্রদান করেন। যার স্মারক নং- বামাশিবো/রিক/দাখিল তথ্য ও যোগাযোগ প্রযুক্তি/অনুমতি/রাণীনগর-নওগাঁ-১২০/৬৭/১০, তারিখ ০২/০৬/২০১৬ ইং। এর প্রেক্ষিতে গত ২১/০৬/১৬ ইং তারিখ NTRCA - তে উক্ত সৃষ্ট পদে জনবলের চাহিদা দেওয়া হয়। যার প্রেক্ষিতে স্মারক- বেশিনিক/শি.শি/বেশিপ্রশি.নি/৮৫৪(অংশ-১)/২০১৯/৩১৯ NTRCA কর্তৃক সুপারিশকৃত জনাব মোঃ শাফিউল আলম সহকারী শিক্ষক ( কিম্পিউটার) মাদ্রাসার গভর্নিং বডি উক্ত সুপারিশ অনুমোদনপূর্বক গত ২২/০৬/১৯ ইং খ্রিষ্টাব্দে তাঁর নিয়োগ প্রদান করা হয় এবং তিনি গত ২৫/০৬/১৯ ইং খ্রিষ্টাব্দে উক্তপদে যোগদানপূর্বক কর্মরত রয়েছেন। বিধায় উক্ত শিক্ষকের এমপিওভুক্তির জন্য প্রয়োজনীয় তথ্যাদি ও কাগজপত্রাদি আপনার সমীপে দাখিল করলাম।

| ক্রমিক নং | শিক্ষকের তথ্যাদি | | শিক্ষকের যোগ্যতা | NTRCA -তথ্যাদি | নিয়োগ অনুমোদন ও যোগদানের তারিখ |
|---|---|---|---|---|---|
| ০১ | নাম | মোঃ শাফিউল আলম<br>MD. SHAFIUL ALAM | এসএসসিঃ ৩.০০<br>২০০৫ | ব্যাচ নং- ১১<br>নিবন্ধন পরীক্ষা- ২০১৪ | ২২/০৬/২০১৯ ইং<br>ও |
| | পদবী ও কোড | সহকারী শিক্ষক (কম্পিউটার) ও ১০ | এইচএসসিঃ ২.৬০ | রোল নং- ৩১৩০২৪৩১ | ২৫/০৬/২০১৯ ইং |
| | জন্ম তারিখ | ০১/০১/১৯৯০ ইং | ২০০৭ | নিবন্ধন নং- ২০১৪১১০৩১৮৫৫ | |
| | ব্যাংকের নাম ও হিসাব নং | সোনালী ব্যাংক লিমিটেড রাণীনগর শাখা, নওগাঁ। ৪৮১৮১০১০১৪৩৯৪ | বিএ (অনার্স) ২য়<br>২০১১<br>এমএঃ ২য়<br>২০১২ | জাতীয় মেধা তালিকা<br>ক্রমিক নং- ৪০১৯<br>জাতীয় মেধাক্রম- ৩৬৮৩<br>বিষয়ঃ সহকারী শিক্ষক (কম্পিউটার) | |

অতএব, মহোদয় সমীপে বিনীত প্রার্থনা অনুগ্রহপূর্বক উক্ত সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব মোঃ শাফিউল আলম এর এমপিও ভুক্তিসহ সরকারি বেতন - ভাতাদির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে মহোদয়ের সদয় মর্জি হয়।

প্রতিস্বাক্ষরিত
৫/৮/২০২০
সভাপতি
ভেটী সিদ্দিকীয়া ফাজিল (স্নাতক) মাদ্রাসা
ও
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
নওগাঁ।

০৫/০৮/২০
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ভেটী সিদ্দিকীয়া ফাজিল ((স্নাতক) মাদ্‌রাসা
উপজেলা-রাণীনগর, জেলা- নওগাঁ।

(এস,এম, আইয়ুবুন নবী)
অধ্যক্ষ/সম্পাদক (ভারপ্রাপ্ত)
ভেটী সিদ্দিকীয়া ফাযিল (স্নাতক) মাদ্রাসা কোড নং-১৩৩৭৬
পোঃ আবাদপুকুরহাট, কোড নং-৬৫৯০
উপজেলা রাণীনগর, কোড নং-২৭৭
জেলা নওগাঁ, কোড নং-৩০
মোবাঃ নং-০১৭২০-৪৬৫৮৫৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
এমপিও সেল
www.tmed.gov.bd

নথি নং- ৫৭.০০.০০০০.০৪৩.৯৯.৩০.২০-১৪৮ | তারিখ ১৪ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ / ২৯ জুলাই ২০২০ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের আলোকে ও এনটিআরসিএ কর্তৃক সুপারিশপ্রাপ্ত ও নিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) পদে ০৬ মাস মেয়াদি কম্পিউটার কোর্সের সনদধারীদের এমপিওভুক্তির জটিলতা নিরসণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের আলোকে ও এনটিআরসিএ কর্তৃক সুপারিশপ্রাপ্ত ও নিয়োগপ্রাপ্ত 'সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) পদে ০৬ মাস মেয়াদি কম্পিউটার কোর্সের সনদধারীদের এমপিওভুক্তির জটিলতা নিরসনকল্পে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

"মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ৯৭৭৭/২০১৬ এবং ৯৭৯০/২০১৬ এর ২৭.০৭২০১৭ তারিখের আদেশের আলোকে ০৬ মাস মেয়াদি কম্পিউটার কোর্সের সনদধারী ও এনটিআরসিএ'র নিবন্ধনধারী সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) পদে এনটিআরসিএ কর্তৃক ১০.০১.২০১৯ তারিখ এবং ২৮.০৫.২০১৯ তারিখে সুপারিশপ্রাপ্তরা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবলকাঠামো-২০১৮ এর শূন্যপদে এমপিওভুক্ত হবেন। সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) পদে এনটিআরসিএ কর্তৃক ১ম নিয়োগ চক্রের (শুধুমাত্র ১০.০১.২০১৯ তারিখ এবং ২৮.০৫.২০১৯ তারিখ) পরবর্তী নিয়োগের ক্ষেত্রে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ প্রযোজ্য হবে।"

২. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১১.৯ অনুচ্ছেদ অনুযায়ী তাঁরা পূর্বের কোন বকেয়া সুবিধাদি প্রাপ্য হবেন না। সংশ্লিষ্ট শিক্ষকের একাডেমিক সনদ, নিবন্ধন সার্টিফিকেট ও এনটিআরসিএ'র সুপারিশ যথাযথ থাকলে এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর শূন্যপদে কর্মরত থাকলে তাঁদের এমপিওভুক্তি অনলাইনে আবেদনের তারিখ থেকে কার্যকর হবে।

৩. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৯/৭/২০২০
(মোহাম্মদ মিজানুর রহমান ভূইয়া)
উপসচিব
ফোন: ৯৫৭৫৮০৭

সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, এনটিআরসিএ, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

সত্যায়িত
০৫/৮/২০
(এস,এম, আইয়ুবুন নবী)
অধ্যক্ষ/সম্পাদক (ভারপ্রাপ্ত)
মোবাইল নং-০১৭২০-৪৬৫৮৭৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

স্মারকনং: ৫৭.২৫.০০০০.০০১.৩০.০০১.১৭-১২৮ | তারিখ: ০৪.০৮.২০২০ খ্রি

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ ক্রমে অনুরোধ করা হলো।

০৪.০৮.২০২০
মোঃ সাইফুল ইসলাম
উপ-পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

বিতরণ:
১.অধ্যক্ষ,বিএমটিটিআই,গাজীপুর/সরকারি মাদ্রাসা-ই-আলিয়া,ঢাকা/সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট/সরকারি মোস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা,বগুড়া।
২.অধ্যক্ষ/সুপার (সকল মাদ্রাসা)।

অনুলিপি:
১.সচিব মহোদয়ের একান্ত সচিব,কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
২.জেলা শিক্ষা অফিসার (সকল) [উপরিউক্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধ সহ]
৩.উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)[উপরিউক্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ]
৪.অফিস কপি।